গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা – ১০০০।

**বিষয়: হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের নৈতিকাত কমিটির ৩য় সভার (ভাচুর্য়াল) কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ নূরুল ইসলাম, হিসাব মহানিয়ন্ত্রক। |
| তারিখ | : | ২১-০৩-২০২৩ খ্রিঃ, মঙ্গলবার দুপুর ০২:৩০ ঘটিকা। |
| সভার মাধ্যম | : | মাইক্রোসফ্ট টিম প্ল্যাটফর্ম |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট- 'ক'।**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০২২-২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নৈতিকতা কমিটির ৩য় ভার্চুয়াল সভায় আলোচিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রমিক | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/অফিস |
|---|---|---|---|
| ০১ | হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর হালনাগাদ অগ্রগতি। | হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর হালনাগাদ অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনাসমূহ (জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভ: ও ইনোভেশন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার) এর ত্রৈমাসিক লক্ষ্যসমূহ অর্জন এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনসমূহ যথাসময়ে দাখিল নিশ্চিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | ১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসসমূহ।<br>২)ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিসসমূহ।<br>৩) ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসসমূহ।<br>৪) উপজেলা একাউন্টস অফিসসমূহ। |
| ০২ | অফিস প্রধানগণের অফিসে যথাসময়ে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে ডিজিটাল হাজিরা। | অফিস প্রধানগণের অফিসে যথাসময়ে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে স্ব স্ব কম্পিউটারে লগইনের মাধ্যমে ডিজিটাল হাজিরার প্রচলন করতে হবে। আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রাথমিকভাবে হিসাব ভবনসহ তৎসংলগ্ন অন্যান্য ভবনে অবস্থিত চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসসমূকে এরুপ ডিজিটাল হাজিরার আওতায় আনতে হবে। | ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।<br>২। সিনিয়র সিস্টেম এনালিস্ট।<br>৩। সিস্টেম এনালিস্ট (সকল)। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় হিসাব মহানিয়ন্ত্রক মহোদয় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নূরুল ইসলাম)
হিসাব মহানিয়ন্ত্রক
ও
সভাপতি (নৈতিকতা কমিটি)

নং- ০৭.০৩.০০০০.০০৪.৩৩.৪২৬.২২.২১৬ তারিখঃ ২৯/০৩/২০২৩ খ্রিঃ।

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)।
২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।
৫. অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)।
৬. সিস্টেম এনালিস্ট (সকল), সিজিএ কার্যালয়।
৭. উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৮. পিএস টু সিজিএ।
৯. ডিসট্রিক্ট একাউন্টস এণ্ড ফিন্যান্স অফিসার (সকল)।
১০. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১১. সকল শাখা অফিসার (অডিট এন্ড একাউন্টস অফিসার), সিজিএ কার্যালয়।
১২. অফিস কপি।

**সদয় অবগতির জন্য-**

১. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণঃ এডিসিএজি (প্রশাসন)।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা)।

২৯.০৩.২০২৩

(মোঃ আব্দুর রাজ্জাক)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা)
ও
সদস্য সচিব (নৈতিকতা কমিটি)
ফোনঃ ৮৩৯২৬৯৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

নং ০৭.০৩.০০০০.০০৪.৩৩.৪২৬.২২.২০৫ তারিখ: ২০/০৩/২০২৩খ্রিঃ।

**বিজ্ঞপ্তি**

**বিষয়: হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নৈতিকতা কমিটি'র সভা।**

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের সভাপতিত্বে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে গঠিত নৈতিকতা কমিটি'র ৩য় সভা ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ০২:৩০ ঘটিকায় মাইক্রোসফ্ট টিম প্ল্যাটফর্মে ভার্চুয়ালী অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি নিম্নরূপঃ
১) হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর হালনাগাদ অগ্রগতি;
২) বিবিধ।

এমতাবস্থায়, বিতরণ তালিকায় উল্লিখিত সকল কর্মকর্তাগণকে প্রদত্ত লিংকের মাধ্যমে যথাসময়ে সভায় যুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।
হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের অনুমোদনক্রমে।

২০.০৩.২০২৩

(মোঃ আব্দুর রাজ্জাক)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা)
ফোনঃ ৮৩৯২৬৯৯।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
১. অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)।
২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।
৫. অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)।
৬. সিস্টেম এনালিস্ট (সকল), সিজিএ কার্যালয় [সভায় অংশগ্রহণসহ বর্ণিত কর্মকর্তাগণকে যথাসময়ে পত্রসহ প্রয়োজনীয় লিংক সরবরাহ ও সভা চলাকালীন কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ]।
৭. উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৮. পিএস টু সিজিএ।
৯. সহকারী হিসাব মহানিয়ন্ত্রক/নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সিজিএ কার্যালয় (সকল)।
১০. অফিস কপি।

**সদয় অবগতির জন্য-**
১. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণঃ এডিসিএজি (প্রশাসন)।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব (বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা)।